


পোশাক শিল্প সেক্টরে বাৎসরিক ইনক্রিমেন্ট বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে সক্ষমতা ও করণীয় বিষয়ক কমিটির সুপারিশ:


অদ্য ০৯-১২-২০২৪ তারিখ রোজ সোমবার পোশাক শিল্প সেক্টরে নিম্নতম মজুরি পুনঃমূল্যায়ন এবং বাৎসরিক ইনক্রিমেন্ট বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে সক্ষমতা ও করণীয় বিষয়ক কমিটির ৫ম সভা অনুষ্ঠিত হয়। সভায় বাৎসরিক ইনক্রিমেন্ট বৃদ্ধি বিষয়ে শ্রমিক ও মালিকপক্ষ প্রতিনিধিগণ আলোচনা করেন। শ্রমিকপক্ষের প্রতিনিধিগণ আলোচনায় সর্বশেষ শতকরা ১০ ভাগ ইনক্রিমেন্ট বৃদ্ধির বিষয়ে মত প্রকাশ করেন। অপরদিকে মালিকপক্ষ প্রতিনিধিগণ শতকরা ৮ ভাগের বেশি বৃদ্ধি না করার জন্য মত প্রকাশ করেন। বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নলিখিত সিদ্ধান্ত ঘোষণা করেন:


- ১। বিদ্যমান শতকরা ৫ ভাগ বেতন বৃদ্ধির সাথে আরও শতকরা ৪ ভাগ যুক্ত করে সর্বমোট শতকরা ৯ ভাগ বাৎসরিক ইনক্রিমেন্ট বৃদ্ধির সুপারিশ করা হলো;
- ২। নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক নির্ধারিত বাৎসরিক ইনক্রিমেন্ট অর্থাৎ শতকরা ৫ ভাগ বিদ্যমান অবস্থায় অব্যাহত থাকবে;
- ৩। কমিটি কর্তৃক সুপারিশকৃত বাৎসরিক ইনক্রিমেন্ট শতকরা ৪ ভাগ বৃদ্ধি ১ ডিসেম্বর ২০২৪ থেকে কার্যকর হবে, যা জানুয়ারি মাসে প্রদেয় বেতনের সাথে প্রদান করতে হবে;
- ৪। বেতন বৃদ্ধির সাথে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সর্বশেষ সংশোধিত) সম্পর্কিত অন্যান্য সুবিধাদিও প্রাসঙ্গিক হবে;
- ৫। এ মজুরি বৃদ্ধি সরকার কর্তৃক পুনঃমূল্যায়ন অথবা নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক পরবর্তী নিম্নতম মজুরি হার ঘোষণা না করা পর্যন্ত অব্যাহত থাকবে।

উপরোক্ত সিদ্ধান্তের বিষয়ে একমত হয়ে আমরা শ্রমিক ও মালিকপক্ষ সর্বসম্মতভাবে বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করলাম ও স্বাক্ষর করলাম।


  
জনাব মোহাম্মদ খোরশেদ আলম  
বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল


  
জনাব বাবুল আখতার  
বাংলাদেশ গার্মেন্টস এন্ড ইন্ডাস্ট্রিয়াল  
শ্রমিক ফেডারেশন


  
জনাব কবির আহমদ  
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন


  
জনাব এ.এন.এম. সাইফুদ্দীন  
প্রাক্তন পরিচালক, বিজিএমইএ


  
জনাব হোসেন শামীম এহসান,  
নির্বাহী সভাপতি, বিকেএমইএ

  
এস.এম. এমসুল হক  
পরিচালক  
শ্রম অধিদপ্তর

  
জনাব মো: হাসিবুজ্জামান  
যুগ্ম মহাপরিদর্শক  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

  
জনাব রাইসা আফরোজ  
সচিব  
নিম্নতম মজুরী বোর্ড

  
জনাব মোহাম্মদ মাসুকুর রহমান সিকদার  
যুগ্মসচিব (শ্রম অধিশাখা)  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

  
জনাব মো: সবুর হোসেন  
অতিরিক্ত সচিব (শ্রম অনুবিভাগ)  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়